

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৮২

১/ বিবিধ

আরবী

إن الغضب من الشيطان، وإن الشيطان خلق من النار، وإنما تطفأ النار بالماء، فإذا
غضب أحدكم فليتوضأ
ضعيف

أخرجه أحمد بالسند الذي قبله. وكذلك أخرجه البخاري في " التاريخ " (8 / 1 / 4)
وأبو داود (287 / 2) وابن عساكر (15 / 337 / 2)
قلت: وسنده ضعيف فيه مجهولان، كما بينته آنفا. وقد سكت عنه الحافظ العراقي في
" تخريج الإحياء " (3 / 145 و 151) وابن حجر في " الفتح " (10 / 384)
والحديث روي عن معاوية بلفظ: " الغضب من الشيطان، والشيطان من النار، والماء
يطفي النار، فإذا غضب أحدكم فليغتسل ". رواه أبو نعيم في " الحلية " (2 / 130)
وابن عساكر (16 / 365 / 1) عن الزبير بن بكار: أخبرنا عبد المجيد بن عبد العزيز
بن أبي رواد عن ياسين بن عبد الله بن عروة عن أبي مسلم الخولاني عن معاوية بن
أبي سفيان أنه خطب الناس وقد حبس العطاء شهرين أو ثلاثة، فقال له أبو مسلم: يا
معاوية إن هذا المال ليس بمالك ولا مال أبيك، ولا مال أمك، فأشار معاوية إلى الناس
أن امكثوا، ونزل فاغتسل ثم رجع فقال: أيها الناس إن أبا مسلم ذكر أن هذا المال
ليس بمالي ولا مال أبي ولا مال أمي، وصدق أبو مسلم، إني سمعت رسول الله صلى
الله عليه وسلم يقول: (فذكر الحديث) اغدوا على عطاياكم على بركة الله عز وجل.
قلت: وهذا إسناد ضعيف أيضا، ياسين بن عبد الله بن عروة لم أجد له ترجمة. وعبد

المجيد بن عبد العزيز فيه ضعف، قال الحافظ: صدوق يخطيء، وكان مرجئا، أفرط ابن حبان فقال: متروك". قلت: لفظ ابن حبان (2 / 152) : " منكر الحديث جدا، يقلب الأخبار، ويروي المناكير عن المشاهير فاستحق الترك

বাংলা

৫৮২। অবশ্যই রাগ সৃষ্টি হয় শয়তানের নিকট হতে। আর শয়তানকে সৃষ্টি করা হয়েছে আশুন হতে। এই আশুনকে নিভানো হয়ে থাকে পানি দ্বারা, অতএব তোমাদের কেউ যদি রাগান্বিত হয় তাহলে সে যেন উযু করে।

হাদীছটি দুর্বল।

এটি ইমাম আহমাদ পূর্বের হাদীছটির সনদে বর্ণনা করেছেন। অনুরূপভাবে ইমাম বুখারী "আত-তরীখ" (৪/১/৮) গ্রন্থে, আবু দাউদ (২/২৮৭) এবং ইবনু আসাকির (৫/৩৩৭/২) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সনদটি দুর্বল। তাতে দু'জন মাজহুল বর্ণনাকারী রয়েছেন। যেমনটি বর্ণনা করেছি পূর্বের হাদীছটিতে।

হাফিয ইরাকী "তাখরাজুল ইহইয়া" (৩/১৪৫,১৫১) গ্রন্থে এবং ইবনু হাজার "ফাতহুল বারী" (১০/৩৮৪) গ্রন্থে কোন হুকুম না লাগিয়ে চুপ থেকেছেন।

হাদীছটি মুয়াবিয়া হতে ভিন্ন ভাষায় বর্ণনা করা হয়েছে। যাতে গোছল করার কথা বলা হয়েছে। এটি আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (২/১৩০) গ্রন্থে এবং ইবনু আসাকির (১৬/৩৬৫/১) যুবায়ের ইবনু বাক্বার হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটিও দুর্বল। সনদের বর্ণনাকারী ইয়াসীন ইবনু আবদিলাহ ইবনু উরওয়াহর জীবনী পাচ্ছি না। সনদের আরেক বর্ণনাকারী আব্দুল মাজীদ ইবনু আব্দিল আযীযের মধ্যে দুর্বলতা রয়েছে। হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি সত্যবাদী, ভুল করতেন এবং মুরজিয়া মতাদর্শে বিশ্বাসী ছিলেন। ইবনু হিব্বান একটু সামনে বেড়ে বলেছেনঃ তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছিঃ ইবনু হিব্বান (২/১৫২) বলেনঃ হাদীছটি নিতান্তই মুনকার। তিনি আখবারগুলোকে উলট পালট করে ফেলতেন এবং প্রসিদ্ধদের উদ্ধৃতিতে মুনকার হাদীছ বর্ণনা করতেন। অতএব তাকে পরিত্যাগ করাই শ্রেয়।

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71461>

🔗 হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন